দৈনিক জনকণ্ঠ

335

তারিখ ... ... DEC. 24 1999
পৃষ্ঠা 2 কলাম 8 ...

# ছাত্রলীগও চট্টগ্রাম ভার্সিটিতে পাল্টা অবরোধ ডেকেছে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ আগামী সোমবার থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগও পাল্টা লাগাতার অবরোধের ডাক দিয়েছে। গ্রেফতারকৃত ছাত্রলীগ নেতাদের মুক্তিদান ও অবিলম্বে হলসমূহ খুলে দেয়ার দাবিতে বৃহস্পতিবার এ কর্মসূচী ঘোষণা করা হয়।

ইতোপূর্বে গত ১৯ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ে

(২- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## ছাত্রলীগও চট্টগ্রাম

(প্রথম পাতার পর)

সংঘটিত হত্যাকাণ্ডের প্রতিবাদে ছাত্রশিবির আগামী সোমবার থেকে বিশ্ববিদ্যালয়ে লাগাতার অবরোধের ডাক দিয়েছিল। পূর্ব ঘোষিত কর্মসূচীর অংশ হিসাবে ছাত্রশিবির বৃহস্পতিবার চট্টগ্রাম শহর ও বিশ্ববিদ্যালয় সংলগ্ন হাটহাজারী এলাকায় শোক র‍্যালি এবং সমাবেশ করেছে। তবে আগামী সোমবার একই দিনে ছাত্রলীগও অবরোধ ডাকায় বিশ্ববিদ্যালয়ে আরও একটি সহিংস ঘটনার আশঙ্কা দেখা দিয়েছে। ছাত্রলীগ সাধারণ সম্পাদক মোঃ কলিম জনকণ্ঠকে জানান, অবরোধে কাজ না হলে আরও কঠোর কর্মসূচী দেয়া হবে।

এদিকে বুধবার গভীর রাতে পুলিশ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের অর্থ. সম্পাদক ফরিদুল আনোয়ার কাজলকে মদনহাটস্থ বাসভবন থেকে গ্রেফতার করেছে। তার বিরুদ্ধে গত রবিবার বিশ্ববিদ্যালয়ে সংঘটিত হত্যাকাণ্ডসহ হাটহাজারী থানায় ৫টি মামলা রয়েছে।